

মুসনাদে আহমাদ

হাদিস নম্বরঃ ৩৪৬

মুসনাদে উমার ইবনুল খাত্তাব (রাঃ) [উমারের বর্ণিত হাদীস] (مسند عمر بن الخطاب)

আরবী

حَدَّثَنَا أَبُو الْمُؤَذَّرِ أَسَدُ بْنُ عُمَرَ، أَرَاهُ عَنْ حَجَّاجٍ، عَنْ عَمْرِو بْنِ شُعَيْبٍ، عَنْ أَبِيهِ، عَنْ جَدِّهِ، قَالَ: قَتَلَ رَجُلٌ ابْنَهُ عَمْدًا، فَرَفَعَ إِلَى عُمَرَ بْنِ الْخَطَّابِ، فَجَعَلَ عَلَيْهِ مِائَةً مِنَ الْإِبِلِ: ثَلَاثِينَ حِقَّةً، وَثَلَاثِينَ جَذَعَةً، وَأَرْبَعِينَ ثَنِيَّةً، وَقَالَ: لَا يَرِثُ الْقَاتِلُ، وَلَوْلَا أَنِّي سَمِعْتُ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَقُولُ: " لَا يُقْتَلُ وَالِدٌ بَوْلَدِهِ " لَقَتَلْتُكَ

حديث حسن، حجاج بن أرطاة - وإن كان يدلس عن عمرو بن شعيب - قد توبع.
وشيوخ أحمد أسد بن عمرو أبو المنذر صدوق صالح الحديث، انظر ترجمته في "الإكمال" (31) للحسيني

وأخرجه ابن أبي شيبة 9 / 410، وعبد بن حميد (41)، وابن ماجه (2662)،
والترمذي (1400)، وابن أبي عاصم في "الديات": 65، والدارقطني 3 / 140،
والبيهقي 8 / 72 من طريقين عن حجاج، بهذا الإسناد. وانظر (147)

বাংলা

৩৪৬। আমার ইবনে শুয়াইব তাঁর পিতা থেকে এবং তার পিতা তার দাদা থেকে বর্ণনা করেন যে, এক ব্যক্তি তার ছেলেকে ইচ্ছাকৃতভাবে হত্যা করলো। উমার ইবনুল খাত্তাবের নিকট এ ব্যাপারে অভিযোগ দায়ের হলো। তিনি হত্যাকারীর ওপর একশো উট জরিমানা ধার্য করলেন। তন্মধ্যে ত্রিশটি হিক্কা, ত্রিশটি জাযআ এবং চল্লিশটি ছানিয়া। তিনি বললেন, হত্যাকারী উত্তরাধিকার পায়না। আর আমি যদি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে এ কথা বলতে না শুনতাম যে, পিতাকে সন্তান হত্যার জন্য মৃত্যুদণ্ড দেয়া হবে না, তাহলে আমি তোমাকে অবশ্যই মৃত্যুদণ্ড দিতাম।

[হাদীস নং-১৪৭ দ্রষ্টব্য]

পাবলিশারঃ বাংলাদেশ ইসলামিক সেন্টার

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=63170>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন